# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২৮০৮১/পিরোজপুর-৭৯/ ২৭৮

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলাধীন মধ্য বড়শৌলা ইসলামিয়া দাখিল মাদ্রাসার মামলা চলমান থাকা অবস্থায় মাদ্রাসা বোর্ডকে ভুল বুঝাইয়া পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছে মর্মে মোঃ মোশারফ হোসেন ও মোসাঃ জেসমিন আকতার অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

১১.১২.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
মঠবাড়িয়া, পিরোজপুর।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২৮০৮১/পিরোজপুর-৭৯/

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ / ১১ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পিরোজপুর;
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মঠবাড়িয়া, পিরোজপুর;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, মধ্য বড়শৌলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-বড়শৌলা, মঠবাড়িয়া, পিরোজপুর;
৫. জনাব মোঃ মোশারফ হোসেন (অভিযোগকারী), সাং-বড়শৌলা, মঠবাড়িয়া, পিরোজপুর;
৬. জনাব মোসাঃ জেসমিন আকতার(অভিযোগকারী), সাং-বড়শৌলা, মঠবাড়িয়া, পিরোজপুর;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

১১.১২.২৫
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বরাবর,

রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশী বাজার, ঢাকা।

বিষয়ঃ মামলা চলমান থাকা অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে ভুল বুঝাইয়া পূর্ণাঙ্গ ম্যানেজিং কমিটির গঠনের সুবিচার পাইবার আবেদন প্রসংগে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ মোশারেফ হোসেন, সাবেক সভাপতি, মধ্য শৌলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, মঠবাড়িয়া, পিরোজপুর। ২০২৪ সালে উক্ত মাদ্রাসার সুপার সাহেব গোপনে ম্যানেজিং কমিটি গঠনের পায়তারা করিলে মোসাঃ জেসমিন বেগম, স্বামীঃ আলআমিন, সাং- বড়শৌলা, মঠবাড়িয়া বাদী হয়ে দেং ০৬/২৪নং মোকদ্দমা দায়ের করেন। উক্ত মোকদ্দমা বিচারাধীন রয়েছে। পরবর্তীতে সুপার সাহেব গোপনে প্রিজাইডিং অফিসারকে মোটা অংকের উৎকোচের বিনিময় ম্যানেজ করিয়া নির্বাচনী তফসিল প্রচার প্রচারণা না করিয়া গোপনে ম্যানেজিং কমিটি গঠন করার চেষ্টা করিলে আমি বাদী হইয়া মঠবাড়িয়া উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আবেদন করি। উপজেলা নির্বাহী অফিসার বিষয়টির ব্যবস্থা নেওয়ার জন্য প্রিজাইডিং অফিসার ও একাডেমিক সুপারভাইজারকে নির্দেশ প্রদান করিলেও প্রিজাইডিং অফিসার বিষয়টির কোন গুরুত্ব না দিয়া তার অফিসে বসে কমিটি গঠন করেন। উক্ত নির্বাচনে ভুয়া ভোটার তালিকা তৈরি করে নির্বাচন কার্যক্রম সম্পন্ন করেন। কমিটির কতক অভিভাবকের ছেলে মেয়ে দেশের বাহিরে এবং ঢাকায় লেখাপড়া করে। তাদেরকেও ভোটার করা হয়েছে। যাহা সরেজমিনে তদন্ত করিলে ঘটনার সত্যতার প্রমান পাইবেন। ফলে মোঃ জহিরুল হক খান বাদী হইয়া ১৩/১১/২০২৫ইং তারিখ উক্ত পকেট কমিটির বিরুদ্ধে স্থায়ী নিষেধাজ্ঞার জন্য দেং ২৭২/২৫নং মোকদ্দমা দায়ের করেন। যাহা চলমান রয়েছে। উক্ত মাদ্রাসার কমিটির বিরুদ্ধে দুইটি মোকদ্দমা চলমান থাকা স্বত্বেও বর্তমানে মাদ্রাসার ৪টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে। উক্ত শূন্য পদে আবেদনকারীদের বোর্ড সনদ পত্র সুপার গোপন করিয়া রাখে। ফলে আবেদনকারীরা এ বিষয় মঠবাড়িয়া উপজেলা নির্বাহী অফিসার বরাবরে আবেদন করেন। উল্লেখ্য যে, উক্ত নিয়োগে নিয়োগ বাণিজ্য করার জন্য আবেদনকারীদের সনদ পত্র আটক করিয়া রাখিয়াছে।

অতএব, জনাবের নিকট আকুল আবেদন যাহাতে উল্লেখিত বিষয় বিবেচনা করতঃ বর্তমান চলমান কমিটির বিরুদ্ধে মামলা থাকায় উক্ত কমিটির কার্যক্রম স্থগিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জনাবের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

তারিখঃ ১৬/১১/২৫

মোশারেফ

(মোঃ মোশারেফ হোসেন)
সাবেক সভাপতি
মধ্য শৌলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা
মঠবাড়িয়া, পিরোজপুর।
মোবাইলঃ ০১৬২২৪০০০৬৩।

বরাবর
চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা।

**বিষয়ঃ মধ্য বড় শৌলা ইসলামিয়া দাখিল মাদ্রাসার কমিটির বিরুদ্ধে অভিযোগ প্রসঙ্গে।**

মহাত্মন,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মধ্য বড় শৌলা ইসলামিয়া দাখিল মাদ্রাসার **(ই আই আই এন-১০২৮০৮)** এক জন অভিবাবক । উক্ত মদ্রাসায় ম্যানেজিং কমিটি ঘঠনের ক্ষেত্রে মাদ্রাসার সুপার ব্যাপক দূনীতি করেন। মাদ্রাসা বন্ধ রেখে তিনি গোপনে কমিটি গঠন করেন। যাহা এলাকা বাসীর পক্ষে গ্রহণযোগ্য নয়। উক্ত কমিটর জন্য মাদ্রাসায় লনলাইনের মাধ্যমে অভিযোগ করা হয় যাহার আইডি নং- **২৩৩২৫১০২৮০৮১, তারিখঃ ১৬/১১/২০২৫ইং**। এবং পিরোজপুর জর্জ কোর্টে দুইটি মামলা চলমান রয়েছে। মামলা নং- দেওয়ানী মঠবাড়িয়া-০৬/২৪ইং, ২৭৩/২৫ইং। উক্ত বিষয়ে সুষ্ঠ তদন্ত করার জন্য আপনার নিকট করজুর অনুরুদ করছি।

অতএব, মহোদয় সমীপে আকুল আবেদন এই যে, উক্ত বিষয়ে সুষ্ঠ তদন্ত পূর্বক এর যথাযথ ব্যবস্থা করিতে জনাবের একান্ত মর্জি হয়।

| |
|---|
| বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড<br>রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর |
| ডায়রী নং 929 |
| পরীক্ষা নিয়ন্ত্রক |
| পরিদর্শক |
| প্রকাশনা নিয়ন্ত্রক |
| উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন |
| উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপঃ/পরীক্ষা |
| হিসাব রক্ষণ কর্মকর্তা |
| আইসিটি/কম্পিউটার কেন্দ্র |
| উপ-সহকারী প্রকৌশলী |
| রেজিস্ট্রার |

নিবেদক

(মোছাঃ জেছমিন আকতার)
মোবাইলঃ ০১৬২২৪০০০৬৩